## ৩.৯ সেবার নামঃ প্রশিক্ষণ প্রদান

### ৩.৯.১ সেবা প্রোফাইল


| সেবা প্রদানকারী অফিসের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবাপ্রাপ্তির স্থান | প্রয়োজনীয় সময় |
|---|---|---|---|
| উপজেলা কৃষি অফিস | ১. উপজেলা কৃষি কর্মকর্তা<br>২. অতিরিক্ত কৃষি কর্মকর্তা<br>৩. কৃষি সম্প্রসারণ কর্মকর্তা<br>৪. সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা<br>৫. SAAO<br>৬. কৃষি অফিসের অন্যান্য কর্মচারী | ব্লক, উপজেলা, জেলা অঞ্চল ও সদর দপ্তর পর্যায়ের কৃষি অফিস | মোট কার্যক্রম: ১-১২ মাস<br>দাপ্তরিক কার্যক্রম: ৪-৫ দিন |

| | | |
|---|---|---|
| সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ | | উপ-সহকারী কৃষি কর্মকর্তা এবং অন্যান্য কর্মচারীদের মাধ্যমে উপযুক্ত, প্রগতিশীল/আগ্রহী চাষি নির্বাচন করা হয়। প্রশিক্ষণের জন্য বিষয়ভিত্তিক ও এলাকা উপযোগী প্রযুক্তি/বিষয় নির্বাচন করা হয়। কৃষিবিষয়ক উন্নত প্রযুক্তি মডেল/নমুনা/পদ্ধতি ইত্যাদি বিষয়ে কৃষকদেরকে হাতেকলমে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। মাঠে প্রয়োগের উপযুক্ত প্রযুক্তির ক্ষেত্রে হাতেকলমে প্রশিক্ষণের জন্য বিভিন্ন পর্যায়ে প্লট ও কৃষক নির্বাচনপূর্বক মাঠ পরিদর্শন/পরামর্শ প্রদানসহ মনিটরিং করা হয় এবং নমুনা শস্যকর্তন ও প্রতিবেদন তৈরি করা হয়ে থাকে। কৃষকের মতামতের ভিত্তিতে সমস্যা চিহ্নিতকরণ এবং গুরুতর সমস্যা দেখা দিলে তা গবেষণাগারে প্রেরণ এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন বিষয়ে অবহিত করা হয়। |
| সেবাপ্রাপ্তির শর্তাবলি | | প্রকৃত কৃষক হতে হবে |
| প্রয়োজনীয় কাগজপত্র | | প্রয়োজন নেই |
| প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ | | বিনামূল্যে |
| সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা | | কৃষি সম্প্রসারণ ম্যানুয়েল ও কৃষি সম্প্রসারণ নীতিমালা |
| নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা | | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর |
| সেবা প্রদান/প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ | ক) নাগরিক পর্যায় | ১. প্রশিক্ষণে অংশগ্রহণে কৃষকের সময়ের অভাব<br>২. প্রশিক্ষণপ্রাপ্ত প্রযুক্তি প্রয়োগে কৃষকের আর্থিক অসচ্ছলতা<br>৩. অপ্রতুল প্রশিক্ষণ ভাতা |
| | খ) সরকারি পর্যায় | ১. কৃষকদের প্রশিক্ষণের জন্য পর্যাপ্ত বরাদ্দের স্বল্পতা<br>২. প্রশিক্ষণ ভাতা কম<br>৩. হাতে-কলমে শিক্ষাদানে প্রয়োজনীয় প্রশিক্ষণসামগ্রীর স্বল্পতা<br>৪. উচ্চতর প্রশিক্ষণপ্রাপ্ত দক্ষ জনবলের অভাব |
| বিবিধ/অন্যান্য | | স্থানীয় চাহিদাভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা |

Scanned by CamScanner

# সেবার নাম: প্রশিক্ষণ প্রদান

ধাপ সংখ্যা: ১৮টি
সম্পৃক্ত জনবল: ০৯ জন
সময়: মোট কার্যক্রম: ১-১২ মাস
(দাপ্তরিক কার্যক্রম: ৪-৫ দিন)




Scanned by CamScanner